

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (২) প্রস্তুতকৃত Specification.
- (৩) দর সংগ্রহের জন্য স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.০০.১৩৫.২০২৫.৫৮৩; তারিখঃ ৩০/১১/২০২৫ইং।
- (৪) Active International হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০১/১২/২০২৫ইং।
- (৫) M/S. Alif & Abid Brothers হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০১/১২/২০২৫ইং।
- (৬) R.I Enterprise হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০২/১২/২০২৫ইং।
- (৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৮) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Supply of Chain belt for chain conveyor for SDIP of Dasherakandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


ক্রমিক নং -১ হতে ৮ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS, ১টি Inlet Pumping Station, ৮টি SST, ৪টি AAO Tank, ৪টি PST, ২টি Sludge Pump Station, ১টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) ইত্যাদি বিদ্যমান রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের Sludge Management এর জন্য ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) রয়েছে। SDIP-তে ৭৮% পানিযুক্ত Sludge, Incineration করা হয়। Primary Combustion চেম্বার হতে আগত ২০% পানিযুক্ত Sludge, Chain -এর মাধ্যমে Convey করে Rotary Kiln এর মধ্যে সম্পূর্ণ পুড়ানো হয়। উক্ত Slag, Hoister এর মাধ্যমে Slag/ Fly Ash Storage Tank- এ সংরক্ষণ করা হয়। পরবর্তীতে উক্ত Slag/ Fly Ash সিমেন্ট কোম্পানিতে সরবরাহ করা হয়। উল্লেখ্য, বিদ্যমান Chain conveyer এর মধ্যে বর্তমানে ব্যবহৃত Chain দীর্ঘদিন ব্যবহারের ফলে কার্যক্ষমতা কমে গিয়েছে। যা বিভিন্ন সময় মেরামত করে চলমান রাখা হয়েছে। বর্তমানে পয়ঃশোধনাগারের Operation & Maintenance কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে জরুরী ভিত্তিতে বর্ণিত Chain belt for chain conveyor ক্রয় করা প্রয়োজন। উল্লেখ্য, Chain belt ক্রয়ের লক্ষ্যে ঠিকাদারের অনুকূলে ১টি কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং উক্ত কার্যাদেশের আওতায় Chain belt বিদেশ হতে সরবরাহের জন্য ৩-৪ মাস সময়ের প্রয়োজন হবে। বর্তমানে Line-2 এর Chain belt মেরামত করে সচল রাখা হয়েছে। ফলে জরুরী ভিত্তিতে SDIP'র Line-2 এর Chain Conveyor এর কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে ১টি Chain belt সংগ্রহ করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে প্রস্তুতকৃত Specification অনুযায়ী ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ২, ৩, ৪, ৫ ও ৬ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৭দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে দেখা যায় যে, M/S. Alif & Abid Brothers আলোচ্য Chain belt for chain conveyor ক্রয় কাজের মূল্য বাবদ সর্বনিম্ন দর দাখিল করেছে। সর্বনিম্ন দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৮দ্রঃ)। সর্বমোট প্রাক্কলিত মূল্য ৬,৯৯,৬০০.০০ (ছয় লক্ষ নিরানব্বই হাজার ছয়শত টাকা) মাত্র। উল্লেখ্য, পিপিআর-২০২৫ অনুযায়ী বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি কর্তৃক প্রাক্কলন অনুমোদনের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে ১টি কমিটির প্রস্তাব অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে; যা সময় সাপেক্ষ বিধায় জরুরী ভিত্তিতে আলোচ্য কাজ সম্পাদনের লক্ষ্যে উক্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৬১ হতে নির্বাহ করা হবে।

-2-

০৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে বর্ণিত “Supply of Chain belt for chain conveyor for SDIP of Dasherakandi STP” ক্রয় কাজটি PPR-2025 এর ৯৯(১)(ড) অনুযায়ী M/S. Alif & Abid Brothers এর মাধ্যমে সম্পন্ন করার নিমিত্তে ৬,৯৯,৬০০.০০ (ছয় লক্ষ নিরানব্বই হাজার ছয়শত টাকা) (VAT ও IT সহ) মাত্র অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।


14/12/2025

মোঃ কামাল উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।




14.12.2025


মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।





14/12/2025


মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE (W&S/PC)




14/12/2025

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


22/12/2025

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMS (O&M) MS

উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ

মোঃ আব্দুস সালাম

22/12/2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

EE (DSTP)